

💵 অতি গুরুত্বপূর্ণ কতিপয় প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্নসমূহ এবং তার উত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

উনবিংশতম প্রশ্ন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাহাবীদের প্রতি আমাদের দায়িত্ব ও কর্তব্য কী?

উত্তর: রাস্লুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লামের প্রতি পূর্ণাঙ্গ ঈমান ও ভালোবাসার অন্যতম অংশ হলো তার সাহাবীগণকে তাদের মর্যাদা ও ইসলাম গ্রহণের অগ্রগামীতার স্তর অনুসারে ভালোবাসা, উম্মাতের সবার উর্ধের্ব তাদের মর্যাদার স্বীকৃতি দেওয়া। তাদের ভালোবাসা বৃদ্ধির জন্য আল্লাহর কাছে দো'আ করা, তাদের মর্যাদা প্রচার করা ও তাদের মধ্যকার ভুল বুঝা-বুঝিকে এড়িয়ে চলা ও সমালোচনা থেকে বিরত থাকা। আমরা আরও বিশ্বাস করি যে, সমস্ত উত্তম আদর্শের সমন্বয়ে তারা সর্বোত্তম উম্মত, কল্যাণ ও ইসলাম গ্রহণের দিক থেকে তারা অগ্রগামী, সমস্ত অকল্যাণ ও অন্যায় কাজ থেকে তারা দূরে ছিলেন, তারা সকলেই ন্যায়পরায়ণ ও ইনসাফকারী ছিলেন এবং আল্লাহ তাদের ওপর সম্ভষ্ট।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10516

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন